

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৮৫

১/ বিবিধ

আরবী

من ألقى جلباب الحياء فلا غيبة له  
ضعيف جداً

أخرجه عيسى بن علي الوزير في " ستة مجالس " (2 / 193) وأبو القاسم المهرواني في " الفوائد المنتخبة " (1 / 41) والبيهقي في " سننه " (210 / 10) والخطيب (8 / 438) وأبو محمد بن شيبان العدل في " الفوائد " (1 / 220 / 1) والقضاعي (1 / 36) من طريق رواد بن الجراح أبي عصام العسقلاني حدثنا أبو سعد الساعدي عن أنس مرفوعاً. وقال البيهقي: " ليس بالقوي "، وقال المهرواني: " غريب، ولم نكتبه إلا من حديث رواد بن الجراح ". قلت: وله علتان: الأولى: رواد هذا، قال الحافظ في " التقريب ": " صدوق اختلط بآخره فترك، وفي حديثه عن الثوري ضعف شديد ". الثانية: أبو سعد هذا قال الذهبي في " الميزان ": " ليس بعمدة " ثم ساق له هذا الحديث، ثم قال: " وقد ذكره علي بن أحمد السليماني في من يضع الحديث ". وقال الدارقطني في " سؤالات البرقاني عنه " (رقم 574 - نسختي): " مجهول يترك حديثه ". وللحديث طريق أخرى عند الخطيب (4 / 171) وأبي بكر الكلاباذي في " مفتاح المعاني " (2 / 120) عن الربيع بن بدر: حدثنا أبان عن أنس به. وهذا أشد ضعفاً من الذي قبله: الربيع متروك، وأبان وهو ابن أبي عياش متهم بالوضع

## বাংলা

৫৮৫। যে ব্যক্তি লজ্জার পর্দাকে নিক্ষেপ করেছে তার গীবত করলে গীবত হিসাবে গণ্য হবে না।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি ঈসা ইবনু আলী আল-ওয়য়ীর "সিতাতু মাজালিস" (২/১৯৩) গ্রন্থে আবুল কাসেম আল-মিহরাওয়ানী "আল-ফাওয়ায়েদুল মুত্তাখাবাহ" (১/৪১) গ্রন্থে, বাইহাকী তার "সুনান" (১০/২১০) গ্রন্থে, আল-খাতীব (৮/৪৩৮), আবু মুহাম্মাদ ইবনু শায়বান আল-আদল "আল-ফাওয়ায়েদ" (১/২২০/১) গ্রন্থে এবং কাযাঈ (১/৩৬) রাওয়াদ ইবনুল জাররাহ আবু ঈসাম আল-আসকালানী সূত্রে আবু সা'আদ আস-সায়েদী হতে ... বর্ণনা করেছেন।

বাইহাকী বলেনঃ রাওয়াদ শক্তিশালী নন। আল-মিহরাওয়ানী বলেনঃ হাদীছটি গারীব। এটিকে আমরা একমাত্র রাওয়াদের হাদীছ হতেই লিখেছি।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটির সমস্যা দুটিঃ

১। এই রাওয়াদ সম্পর্কে হাফিয ইবনু হাযার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেনঃ তিনি সত্যবাদী কিন্তু তার শেষ বয়সে মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল, ফলে তাকে পরিত্যাগ করা হয়। তিনি ছাওরী হতে যে হাদীছ বর্ণনা করেছেন তা খুবই দুর্বল।

২। এই আবু সা'আদ সম্পর্কে ইমাম যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি ভাল নন। অতঃপর তিনি তার এ হাদীছটি উল্লেখ করে বলেছেনঃ এটিকে আলী ইবনু আহমাদ আস-সুলায়মানী ঐ ব্যক্তির হাদীছ হিসাবে উল্লেখ করেছেন যিনি জাল করতেন।

দারাকুতনী "সুওয়ালাতুল বারকানী আনহু" (নং ৫৭৪) গ্রন্থে বলেছেনঃ তিনি মাজহুল, তার হাদীছ গ্রহণযোগ্য নয়। আল-খাতীবের নিকট (৪/১৭১) হাদীছটির আরেকটি সূত্র রয়েছে। কিন্তু এটি পূর্বেরটির চেয়ে আরো বেশী দুর্বল। কারণ এটির বর্ণনাকারী আর-রাবী' ইবনু বাদর মাতরুক। আর তার শাইখ আবান ইবনু আবী আইয়াশ জাল করার দোষে দোষী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71464>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন